



## তারেক রহমানকে অভিনন্দন জানালেন নরেন্দ্র মোদি



ছবি: সংগৃহীত

জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির নিরঙ্কুশ জয়ের পর দলটির চেয়ারম্যান তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া বার্তায় তিনি বলেন, এই ফলাফল বাংলাদেশের জনগণের আস্থার প্রকাশ। পাশাপাশি দ্বিপাক্ষীয় সম্পর্ক আরও শক্তিশালী করতে একসঙ্গে কাজ করার আশা ব্যক্ত করেন তিনি।

মোদির বার্তায় গণতান্ত্রিক ও অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশ গঠনে ভারতের সমর্থন অব্যাহত থাকবে বলেও উল্লেখ করা হয়। দুই দেশের বহুমুখী সহযোগিতা ও অভিন্ন উন্নয়ন লক্ষ্য এগিয়ে নিতে নতুন নেতৃত্বের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার আগ্রহের কথাও জানান তিনি।

এদিকে নির্বাচনের ফল ঘোষণার পর ঢাকায় অবস্থিত মার্কিন দূতাবাস ঢাকা এক বিবৃতিতে বাংলাদেশের জনগণকে অভিনন্দন জানায়। একই সঙ্গে বিএনপি ও তারেক রহমানের বিজয়কে স্বাগত জানানো হয়।

দূতাবাস জানায়, সমৃদ্ধি ও নিরাপত্তা নিয়ে দুই দেশের যে যৌথ লক্ষ্য রয়েছে, তা বাস্তবায়নে নবনির্বাচিত নেতৃত্বের সঙ্গে কাজ করতে যুক্তরাষ্ট্র প্রস্তুত। আন্তর্জাতিক অঙ্গনে এই বার্তাগুলোকে তাৎপর্যপূর্ণ হিসেবেই দেখা হচ্ছে।